



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং- ১৭২৬

তারিখ: ১৪/০৯/২০২০

বিষয়ঃ ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মনিরুজ্জামান হাওলাদারের নিয়োগ বাতিল সংক্রান্ত।

সূত্রঃ ক. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং ৩৭.০৮.০০০০.৪০১.১৬.০০৫.১৯.৩৪, তারিখ: ১৫/১০/২০১৯
খ. শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৪৭, তারিখ: ০৪/০৯/২০১৯
গ. শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৮৭, তারিখ: ২৭/০৮/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজ- এ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের অবৈধ নিয়োগ হয়েছে মর্মে অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্তে প্রতিয়মান হয়,

- ১। ৩১-০৮-২০১৪ তারিখে প্রতিষ্ঠানটির সর্বশেষ কর্মরত প্রধান শিক্ষক জনাব আবু ইউসুফের চাকুরীর মেয়াদ শেষ হয়। বিধি মোতাবেক নিয়মিত প্রধান শিক্ষক নিয়োগ দেয়ার সুযোগ থাকা সত্ত্বেও গভর্নিং বডি একজন সহকারী শিক্ষককে সহকারী প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দিয়েছেন। এছাড়া বোর্ড কর্তৃক ০৫-০৩-২০১৯ তারিখে মোতাবেক যে সকল প্রতিষ্ঠানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে তা আগামী ০৩ (তিন) মাসের মধ্যে অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিয়োগ দেয়ার নির্দেশনা দেয়া হয় কিন্তু এ ক্ষেত্রে সে নির্দেশ মানা হয়নি।
- ২। জনাব মোঃ মনিরুজ্জামান হাওলাদার স্বীয় প্রতিষ্ঠানে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদন করলেও বিভাগীয় প্রার্থী হিসেবে কর্তৃপক্ষের অনুমতি না নেওয়ায় তার আবেদন এবং নিয়োগ ক্রটিপূর্ণ। যেমন- যে তারিখে (১৮.০৮.২০১৯খ্রি:) তিনি নিয়োগের জন্য আবেদন করেন সেই তারিখেই (১৮.০৮.২০১৯খ্রি:) যথাযথ নিয়ম অনুসরণ না করে তড়িঘড়ি করে সহকারী প্রধান শিক্ষক জনাব মনিরুজ্জামান হাওলাদার -কে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে বলে প্রমাণিত হয়।

তাছাড়া তদন্তে বিনা নির্বাচনে অবৈধ নিয়মিত গভর্নিং বডি গঠনের সত্যতা প্রমাণিত হয়। এই অবৈধ কমিটির সুপারিশ ক্রমে সহকারী শিক্ষক থেকে সহকারী প্রধান শিক্ষক এবং সহকারী প্রধান শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নিয়োগ দানও অবৈধ।

এমতাবস্থায়, আপনার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নিয়োগ কেন বাতিল করা হবে না তা পত্র ইস্যুর তারিখ থেকে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।


জনাব মনিরুজ্জামান হাওলাদার
ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক,
যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজ, যাত্রাবাড়ী,
ঢাকা-১২০৪।

মেমো নং- ১৭২৬(৪)

তারিখ : ১৪/০৯/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো।:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। অফিস কপি।


১৪.০৯.২০২০
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

